# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

পরিচালক (ট্রাফিক) এর দপ্তর

বিষয়ঃ- Ease of Doing Business এর Trading Accross Border সূচকে চট্টগ্রাম বন্দর সংশ্লিষ্ট লক্ষ্যমাত্রার অগ্রগতির বিষয়ে সংশ্লিষ্টদের সাথে ২৯/১০/২০২০ ইং তারিখ দুপুর ২.৩০ ঘটিকায় চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মহোদয়ের সভাপতিত্বে চবক বোর্ড রুমে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | ঃ | চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ। |
| সভার স্থান | ঃ | চবক বোর্ড রুম। |
| সভার তারিখ | ঃ | ২৯/১০/২০২০। |
| সভার সময় | ঃ | দুপুর ২.৩০ ঘটিকা। |
| **উপস্থিতি** | ঃ | **পরিশিষ্ট 'ক' (সংযুক্ত)।** |

১। চেয়ারম্যান, চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ মহোদয় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। তিনি Ease of Doing Business (EODB) এর Ranking, এই Ranking এর গুরুত্ব, দেশের Direct Foreign Investment এ EODB Ranking এর ভূমিকা ইত্যাদি সভায় তুলে ধরেন।

তিনি আরো বলেন, বর্তমান সরকারের গৃহীত রূপকল্প অনুযায়ী ২০৪১ সালের মধ্যে আমাদের দেশকে উন্নত দেশে রূপান্তরের যে পরিকল্পনা রয়েছে তা বাস্তবায়ন করতে গেলে আমাদের বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ প্রয়োজন। এই প্রেক্ষাপটে মাননীয় প্রধানমন্ত্রী EODB Ranking এর বিষয়টিতে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছেন এবং সংশ্লিষ্ট সকল সংস্থা বিষয়টি সর্বোচ্চ গুরুত্ব দিয়ে কার্যক্রম পরিচালনা করছে। এক্ষেত্রে EODB এর ১১ (এগার)-টি সূচক এবং চট্টগ্রাম বন্দরের জন্য প্রাসঙ্গিক '৮' নং সূচক অর্থাৎ 'TRADING ACROSS BORDER (TAB)' এর মূল প্রতিপাদ্য সম্পর্কে সভায় আলোকপাত করেন। এ প্রেক্ষাপটে তিনি সভাকে অবহিত করেন যে, গত ২৭/০১/২০১৯ইং তারিখে প্রধানমন্ত্রীর দপ্তরের মাননীয় মুখ্যসচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার ভিত্তিতে TAB এর ০৮ (আট)-টি Sub-Index এর মধ্যে ৩ (তিন)-টি Sub-Index এ চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-কে Lead Agency করা হয়েছে। তার ভিত্তিতে গত ২৭/০২/২০২০ইং তারিখে World Bank এবং BIDA -র প্রতিনিধিগণ চট্টগ্রাম বন্দর পরিদর্শন করেন এবং এই ৩ (তিন)-টি Sub-Index এর বিষয়ে সন্তোষ প্রকাশ করেন।

অতঃপর তিনি অদ্যকার সভায় একটি Power Point Presentation উপস্থাপনের জন্য পরিচালক (ট্রাফিক), চবক-কে আহবান জানান।

২। পরিচালক (ট্রাফিক), চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ সভায় একটি Power Point Presentation উপস্থাপন করেন। তিনি World Bank প্রণীত EODB Ranking এর ১১টি সূচক সম্পর্কে বিস্তারিত আলোকপাত করেন। ১১টি সূচকের মধ্যে '৮' নং সূচক অর্থাৎ 'TAB' এর সাথে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং জাতীয় রাজস্ব বোর্ড সম্পর্কিত। তিনি Power Point Presentation এ আরো জানান যে, 'TAB' এর '০৮' টি উপসূচক রয়েছে। তন্মধ্যে '১' '২' এবং '৪' নং এর জন্য গত ২৭/০১/২০১৯ তারিখে প্রধানমন্ত্রীর দপ্তরের মাননীয় মূখ্য-সচিব মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় চট্টগ্রাম বন্দর-কে Lead Agency নির্ধারণ করা হয়। এর প্রেক্ষাপটে গত ০৭/০২/২০১৯ এবং ১১/০২/২০২০ইং তারিখে চবক বোর্ড রুমে সকল Stake-holder -দের নিয়ে সভা অনুষ্ঠিত হয়। এছাড়া BIDA এর উদ্যোগে গত ০৬/০২/২০২০ইং তারিখে ঢাকায় মাননীয় অর্থমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তের পরিপ্রেক্ষিতে WB/IFC এবং BIDA -র প্রতিনিধিদল গত ২৭/০২/২০২০ইং তারিখে চট্টগ্রাম বন্দর এবং চট্টগ্রাম কাস্টম হাউস, চট্টগ্রাম পরিদর্শন করে। উক্ত প্রতিনিধিদল সরেজমিনে একটি কন্টেইনার চট্টগ্রাম বন্দরের গেইট হতে জাহাজীকরণে কত সময় লাগে, তা প্রত্যক্ষ করেন। এছাড়াও প্রতিনিধিদল চট্টগ্রাম বন্দরের CTMS এবং বিভিন্ন Off-dock হতে Real Time Data সংগ্রহ করেন এবং এ খাতে ব্যয়িত সময় নিরুপন করেন। অন্যান্য ০২টি ইস্যুতে Stake-

সভায় Bangladesh Freight Forwarders Association (BAFA) এর প্রতিনিধি জানান যে, গত ০৬/০২/২০২০ইং তারিখে অনুষ্ঠিত সভায় World Bank এর Report এ বাংলাদেশের জন্য যে দুইটি পণ্যের HS Code নির্ধারণ করা আছে তা নিয়ে শুল্ক বিভাগ ভিন্ন মত পোষণ করেছে। শুল্ক বিভাগ হতে বিষয়টির প্রতি BIDA এবং World Bank এর দৃষ্টি আকর্ষণ করা হয়েছে। উক্ত বিষয়টি চূড়ান্ত হলে 'TAB' এ বিষয়টির উপর সুস্পষ্ট মতামত দেয়া সম্ভব হবে কারণ পণ্যের প্রকার ভেদে পরিবহন খরচ, কন্টেইনার পণ্য বোঝাইয়ের সময়, বন্দর খরচ, শুল্কায়ন ইত্যাদিতে তারতম্য ঘটে।

৩। ট্রাক/কাভার্ড ভ্যান মালিক সমিতির প্রতিনিধি সভায় জানান যে, যদি রপ্তানীকারকের ফ্যাক্টরী থেকে সময় গণনা শুরু হয় তাহলে লোডিং, সড়কপথে ট্রাফিক পুলিশের Interference, Off-dock এ পণ্য Un-loading, রপ্তানী পণ্য কন্টেইনারে বোঝাই এবং বোঝাইকৃত কন্টেইনার বন্দরের গেইট পর্যন্ত নিয়ে আসা এ সকল ধাপগুলো অন্তর্ভুক্ত থাকবে। তাই এ বিষয়টিও BIDA হতে পরিষ্কার হওয়া প্রয়োজন।

সদস্য (প্রশাসন ও পরিকল্পনা), চবক সভায় উত্থাপিত দুটি বিষয় অর্থাৎ HS Code জনিত বিষয়টি সুস্পষ্ট হওয়া এবং রপ্তানী কার্যক্রমে প্রয়োজনীয় সময় ও খরচ কোন পয়েন্ট হতে ধরা হবে তা সুস্পষ্ট হওয়া প্রয়োজন। তথাপিও অদ্যকার সভায় সম্ভাব্য ধারণা পাবার জন্য তিনি একটি RMG Export Container এর উপর Border Compliances এর সম্ভাব্য ব্যয়, সময় এবং Documentary Compliances সম্ভাব্য ব্যয়ের বিষয়ে আলোচনা করতে সকলের দৃষ্টি আকর্ষণ করেন। উক্ত প্রেক্ষাপটে সভায় বিস্তারিত আলোচনা হয়।

৪। সার্বিক আলোচনার পর নিম্নমতে সিদ্ধান্ত গৃহীত হয় ঃ

৪.১। Trading Across Border - সূচকের '১' নং ক্রমিকের Time to Export: Border Compliance অংশে চবক এর দায়িত্বভুক্ত (চট্টগ্রাম বন্দরের গেইট হতে জাহাজে বোঝাই পর্যন্ত) তাতে নির্ধারিত লক্ষ্য ৩৬ ঘন্টার স্থলে গড়ে ২২ ঘন্টা সময় প্রয়োজন হয়। এর স্বপক্ষে WB/IFC এবং BIDA -কে প্রয়োজনীয় Documents সরবরাহ করা হয়েছে। অর্থাৎ এ লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। সংশ্লিষ্ট সকলে এ লক্ষ্য ধরে রেখে কিভাবে সময় কমিয়ে আনা যায় তাতে আরো সচেষ্ট হবে।

৪.২। BIDA এর উদ্যোগে আয়োজিত ০৬/০২/২০২০ইং তারিখে অনুষ্ঠিত সভায় বাংলাদেশের জন্য নির্ধারিত রপ্তানী পণ্য এবং আমদানী পণ্যের যে HS Code -টি World Bank এর Report এ দেয়া হয়েছে তার সাথে শুল্ক বিভাগ ভিন্নমত পোষণ করেছে। ফলে উক্ত সভায় বিষয়টি World Bank কর্তৃক বিষয়টি সুস্পষ্টভাবে অবহিত করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে। পণ্য সম্পর্কিত বিষয়টি নিশ্চিত হওয়া গেলে এ বিষয়ে পূর্ণাঙ্গ কার্যক্রম পরিচালনা সম্ভব হবে। তাই HS Code এবং পণ্যের সঠিকতা জানতে চেয়ে অত্র কর্তৃপক্ষ হতেও BIDA -কে একটি পত্র দেয়া হবে।

৪.৩। TAB সূচকের '১' নং অংশের অন্যান্য কার্যক্রম ঃ (ক) Factory -র Ware-house হতে পণ্য ট্রাকে Loading, (খ) বোঝাইকৃত ট্রাক রপ্তানীকারকের ফ্যাক্টরী হতে অফডকে আগমন, (গ) অফডকে পণ্য সংরক্ষণ, (ঘ) অফডকের Ware-house হতে কন্টেইনারে পণ্য বোঝাই, (ঙ) বোঝাইকৃত পণ্য Port Gate পর্যন্ত পৌঁছানো ইত্যাদি কার্যক্রমে প্রয়োজনীয় সময় এবং খরচ কমানোর লক্ষ্যে ঠিক কোন পর্যায় হতে সময় এবং খরচ বিবেচনায় আনা হবে তা স্পষ্টীকরণের জন্য BIDA বরাবরে পত্র দেয়া হবে।

৪.৪। বিভিন্ন অফডক হতে যে সকল কন্টেইনার রপ্তানী হয় তার মধ্যে Randomly কিছু কন্টেইনার নির্বাচন করে অফডক উক্ত কন্টেইনার সমূহের জন্য প্রকৃত ব্যয়িত সময় তাদের সিস্টেম হতে সংগ্রহ করে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-কে সরবরাহ করবে। প্রতিমাসের ০১ (এক) তারিখে BICDA পূর্ববর্তী মাসের তথ্য প্রদান করবে।

৪.৫। TAB সূচকের '১' নং অংশের অন্যান্য কার্যক্রম ঃ (ক) Factory -র Ware-house হতে পণ্য ট্রাকে Loading, (খ) বোঝাইকৃত ট্রাক রপ্তানীকারকের ফ্যাক্টরী হতে অফডকে আগমন, (গ) অফডকে পণ্য সংরক্ষণ, (ঘ) অফডকের Ware-house হতে কন্টেইনারে পণ্য বোঝাই, (ঙ) বোঝাইকৃত পণ্য Port Gate পর্যন্ত পৌঁছানো ইত্যাদি কার্যক্রমে প্রয়োজনীয় সময় এবং খরচ কমানোর লক্ষ্যে BGMEA, সড়ক পরিবহন মন্ত্রণালয়, অফডক এবং ট্রাফিক পুলিশ প্রশাসনসহ একটি সভা অনুষ্ঠিত হতে পারে। এ বিষয়ে গত ১৮/০৮/২০২০ইং তারিখে BIDA এর সভার '৫' নং সিদ্ধান্ত অনুসরণীয়।

৪.৬। সভায় গত ০৬/০৩/২০১৮ ইং তারিখের ৬.৯ নং সিদ্ধান্ত অনুযায়ী প্রতিটি অফডক নিজস্ব ডিপো সংলগ্ন এলাকায় ট্রাক পার্কিং এর জন্য ৫০/- টাকা হারে আদায়ে ইতিপূর্বেকার সিদ্ধান্ত অনুযায়ী পরিদর্শন কমিটির প্রতিবেদন নিয়ে আলোচনা করা হয়। এতে পরিদর্শন কমিটির প্রতিবেদন অনুযায়ী Incontrade Depot এবং SAPL Depot -তে ট্রাক পার্কিং এর সুবিধা দেখতে পায়। ফলে ১৭ (সতের)টি অফডকের স্থলে আপাততঃ এই দুইটি অফডক (ক) Incontrade Depot এবং (খ) SAPL Depot এ ট্রাক পার্কিং চার্জ আদায় করতে পারে।

সভায় আলোচনার আর কোন বিষয় না থাকায় চেয়ারম্যান, চবক সভার সমাপ্তি ঘোষণা করেন।

চেয়ারম্যান
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

নং- ডিটি/শিপ/Ease of Doing Business/২০১৯ (অংশ-১) তারিখ- /১১/২০২০ ইং।

অনুলিপি- সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১। সকল সদস্য, চবক।
২। কমিশনার অব কাস্টমস্, কাস্টম হাউস, চট্টগ্রাম।
৩। পি এস টু সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। সচিব, নৌ-পরিবহন মন্ত্রণালয় মহোদয়ের সদয় অবগতির জন্য।
৪। পরিচালক (নিরাপত্তা), চবক।
৫। টার্মিনাল ম্যানেজার, চবক।
৬। ডেপুটি ট্রাফিক ম্যানেজার (প্রশাসন), চবক।
৭। প্রেসিডেন্ট, চিটাগাং চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি, ওয়ার্ল্ড ট্রেড সেন্টার, ১০২-১০৩, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম
৮। প্রথম ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ গার্মেন্টস ম্যানুফ্যাকচারার্স এন্ড এক্সপোটার্স এসোসিয়েশন (বিজিএমইএ) বিজিএমইএ ভবন (লেভেল-৪ ও ৫), ৬৬৯/ই, ঝাউতলা রোড, দক্ষিণ খুলশী, চট্টগ্রাম।
৯। সভাপতি, বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন (বাফা), আনোয়ার ট্রেড সেন্টার (লেভেল-১০) (যমুনা ভবনের পার্শ্বে), ১৭২৮, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১০। সভাপতি/সাধারণ সম্পাদক, চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন, সিএন্ডএফ টাওয়ার, ১৪ তলা, ১৭১২, শেখ মুজিব রোড, আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১১। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ ইনল্যান্ড কন্টেইনার ডিপো এসোসিয়েশন (বিকডা), আকতারুজ্জামান সেন্টার (৭ম তলা), আগ্রাবাদ বা/এ, চট্টগ্রাম।
১২। সভাপতি/সাধারন সম্পাদক, আন্তঃজিলা মালামাল পরিবহন সংস্থা ট্রাক ও কাভার্ডভ্যান মালিক সমিতি, হাজী সৈয়দুর রহমান ম্যানশন, ৩৭৬, ডিটি রোড, কদমতলী, চট্টগ্রাম।
১৩। সভাপতি/সাধারন সম্পাদক, চট্টগ্রাম প্রাইম মুভার ও ফ্লাটবেড ওনার্স এসোসিয়েশন, মাদ্রাসা বিল্ডিং (৪র্থ তলা), সিসিটি ১নং গেইট, নিউমুরিং, বন্দর, চট্টগ্রাম।
১৪। পি এ টু চেয়ারম্যান - চেয়ারম্যান, চবক মহোদয়ের সদয় অবগতির জন্য দেয়া গেল।

স্বাঃ-
চেয়ারম্যান